# সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা ।
ফোন ঃ ৪৮০৪০৪৩০-৩৪
ই-মেইলঃ mirpurpo@sonalibank.com.bd


দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

নং-পিও-মিরপুর/এইচআরডিডি/ ৬৯৯৩
তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২১

ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয় ঃ সোনালী ব্যাংক লিমিটেড এর ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ০৯-০৯-২০২১ তারিখের এইচআরডিডি/৩৯৯/১২৬৭ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

২.০০ঃ সূত্রোক্ত পত্র মোতাবেক গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রনালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর সাথে সোনালী ব্যাংক লিমিটেডের ২০২১-২২ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অন্যতম গুরুত্বপূর্ন অংশ হিসেবে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অর্ন্তভুক্ত করা হয়েছে। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকে 'প্রমাণকসহ' প্রেরণ এবং এর উপর ভিত্তি করে এ ব্যাংকের মূল্যায়ন ও নম্বর প্রদান করে অবস্থান নির্ধারণ করা হয়।

৩.০০ঃ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রিন্সিপাল অফিস, মিরপুর-এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২১)-এ অর্জিত অগ্রগতির প্রতিবেদনঃ

| শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এ সংশ্লিষ্ট ক্রমিক ও বিষয় | বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) | |
|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন |
| প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা। | ৩.৪ ব্যবসায়িক মত বিনিময় সভা | ০২ | ০২ |

এমতাবস্থায়, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী জুলাই-সেপ্টেম্বর, ২০২১ কোয়ার্টারে এই কার্যালয়ের অনুষ্ঠিত দুই (০২) টি ব্যবসায়িক মতবিনিময় সভার প্রমানক (শাখা ব্যবস্থাপকদের উপস্থিতির তালিকা, কার্যবিবরনী ও আলোক চিত্র) সহ অর্জিত অগ্রগতির প্রতিবেদন আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আতিকুর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা।
Phone : 48040430-434,01713758471
E-mail : mirpurpo@sonalibank.com.bd

"দুঃখ দৈন্য মুক্তির পথে
আমরা যাবো সবার শীর্ষে"

নং-এসবিএল/পিও-মিরপুর/ ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময়/সেপ্টেম্বর ২০২১/ ৪০০৪ তারিখঃ ২৬ সেপ্টেম্বর,২০২১

## " ২৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত আগস্ট- ২০২১ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মত বিনিময় সভার কার্যবিবরণী "

২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ, রোজ রবিবার বিকাল ০৪.০০ ঘটিকায় সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার সম্মেলন কক্ষে এই অঞ্চলের আওতাধীন ২১ টি শাখার শাখা প্রধানদের সাথে আগস্ট-২০২১ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান। ব্যবসা উন্নয়ন ও মত বিনিময় সভায় সম্মানিত প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-২ এর জেনারেল ম্যানেজার (ইনচার্জ), জনাব মোঃ আমিনুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস ঢাকা-২, ঢাকা এর ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোহাম্মদ শাহবীর। প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজারবৃন্দ সহ এই কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উক্ত সভায় উপস্হিত ছিলেন।

২.০০ঃ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এর মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। কোরআন তেলাওয়াতের পরে অনুষ্ঠানে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। সভাপতি মহোদয় উপস্হিত সকল শাখা প্রধানকে স্বাগত জানিয়ে অনুষ্ঠানের কার্যক্রম আরম্ভ করেন।

৩.০০ঃ সভার প্রধান অতিথি জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-২ এর জেনারেল ম্যানেজার মহোদয় জনাব মোঃ আমিনুল ইসলাম বক্তব্যের শুরুতেই গত বছরের অর্জন ধরে রাখার জন্য বলেন এবং আগামী ০৩(তিন) মাসের মধ্যে এই অঞ্চলের মুনাফা গত বছরের তুলনায় বৃদ্ধি করতে বলেন। প্রতিটি শাখার ব্যবসায়িক অবস্থা ও পারফরমেন্স ইন্ডিকেটর নিয়ে পর্যালোচনা করা হয়। জেনারেল ম্যানেজার মহোদয় অত্যন্ত ধৈর্য্য সহকারে তাদের বক্তব্য শুনেন এবং সেই সাথে বিগত দিনের ব্যবসায়িক ব্যর্থতা ও আগামী ০৩(তিন) মাসের মধ্যে কিভাবে ভাল ফলাফল করা যায় তার দিক নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে শাখাসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়ঃ

- প্রতিটি শাখাকে চলতি বছরের অবশিষ্ট ০৩(তিন) মাসের মধ্যে বড় ঋনের দিকে না ঝুঁকে তরুণ উদ্যোক্তা খুজে এবং ক্ষেত্র বিশেষ বিবেচনা করে ঋণ বৃদ্ধি করার জন্য নির্দেশনা দেন এবং প্রতিটি শাখার এডি রেশিও বৃদ্ধির জন্য জোরালো উদ্যোগ নিতে বলেন।
- কোন ক্রমেই শাখার শ্রেণীকৃত ঋণ নতুন করে বৃদ্ধি করা যাবে না, সে লক্ষ্যেই ফিল্ড ওয়ার্ক ও রিকভারী ক্যাম্পের মাধ্যমে শাখার সিএল আদায় কার্যক্রম আরো গতিশীল করার জন্য নির্দেশনা প্রদান করেন।
- প্রতিটি শাখাকে কোভিড-১৯ প্রনোদনা প্যাকেজের আওতায় (২য় পর্যায়-জুলাই-২০২১ থেকে জুন-২০২২) বরাদ্দকৃত বাজেট অনুযায়ী সম্পূর্ণ ঋণ বিতরন করতে নির্দেশনা প্রদান করেন।
- ঋণ ও অগ্রিম বৃদ্ধি করার জন্য নতুন প্রস্তাব পাঠানোর সময় সুক্ষভাবে যাচাই-বাছাই করতে বলেন।
- শাখা সমূহের ব্যালেন্স মিলানোর জন্য কর্মদিবসের শেষে ও সাপ্তাহিক শনিবার কাজ করার নির্দেশনা প্রদান করেন।
- তিনি বলেন প্রতিটি শাখার শাখা প্রধান/ম্যানেজারগনকে তাদের তারুণ্য, শিক্ষা ও মেধা দিয়ে সামনে এগিয়ে যাওয়ার জন্য দৃঢ় প্রত্যয় নিতে হবে এবং সকল শাখার অপেক্ষাকৃত তরুণ ও উদ্যমী কর্মকর্তাকে হিসাব খোলার ডেস্কে বসানোর জন্য বলেন।
- প্রতিটি শাখার শাখা প্রধানদেরকে গ্রাহকদের সাথে সুসম্পর্ক বজায় রাখার জন্য বলেন যাতে, এই ব্যাংক সম্বন্ধে কোন প্রকার নেতিবাচক ধারনা গ্রাহকদের মনে না জন্মে।
- নতুন নতুন উদ্ভাবনী চিন্তা কাজে লাগিয়ে ব্যবসার ক্ষেত্র তৈরী করতে নির্দেশনা প্রদান করেন।

৪.০০ সভার বিশেষ অতিথি জেনারেল ম্যানেজার'স অফিস ঢাকা-২, ঢাকা এর ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোহাম্মদ শাহবীর প্রতিটি শাখার ব্যালেন্সিং এবং অসমন্বিত ভুক্তি দ্রুততম সময়ের মধ্যে সমন্বয় করার ব্যাপারে জোড়ালো পদক্ষেপ গ্রহনের জন্য বলেন। ঋণ প্রদান যেহেতু সময় সাপেক্ষ ব্যাপার তাই আগামী ০৩(তিন) মাসের মধ্যে ঋণ ও অগ্রিম বৃদ্ধির জন্য শাখার নিজস্ব ক্ষমতার মধ্যে ঋণ প্রদান করতে বলেন। সকল শাখা প্রধানকে মুক্তিযোদ্ধা, এসএমই এবং পার্সোনাল ঋণ বৃদ্ধির জন্য বলেন।

চলমান পাতা-২

সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা।
Phone : 48040430-434,01713758471
E-mail : mirpurpo@sonalibank.com.bd

"দুঃখ দহন মুক্তির বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে"

**" ২৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত আগস্ট- ২০২১ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মত বিনিময় সভার কার্যবিবরণী "**

শ্রেণীকৃত ঋণ হতে আদায় বৃদ্ধির জন্য শ্রেণীকৃত ঋণসমূহকে বিভিন্ন সেগমেন্টে ভাগ করে আদায় করার নির্দেশনা দেন। শাখাসমূহে হিসাব খোলার ব্যাপারে বিভিন্ন নির্দেশনা প্রদান করেন এবং সকল গ্রাহককে দ্রুততম সময়ের মধ্যে সার্ভিস প্রদান করতে বলেন।

৫.০০ঃ সভার সভাপতি ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা সেপ্টেম্বর-২০২১ ভিত্তিক ২১ টি শাখার বিভিন্ন খাতে ব্যবসায়িক অর্জন নিয়ে আলোচনা করেন। সকল শাখা প্রধানকে শাখার আমানত, ঋণ ও অগ্রিম, শ্রেণীকৃত ঋণ এবং কাস্টমার সার্ভিস এই চারটি বিষয়ের উপর গুরুত্ব দিয়ে ব্যাংককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা দেন। ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি ঋণ ও অগ্রিম বৃদ্ধি, শ্রেণীকৃত ঋণ হতে আদায় ও অবলোপনকৃত ঋণ হতে আদায় বৃদ্ধির জন্য এবং ব্যালেন্সিং এই চারটি ইন্ডিকেটরের উপর গুরুত্বআরোপ করতে বলেন।

পরিশেষে ব্যবসা উন্নয়ন ও মত বিনিময় সভার সভাপতি ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান সকল শাখা প্রধানকে শাখার নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করে শাখার সকলের ঐকান্তিক প্রচেষ্টায় তা বাস্তবায়নের জন্য নির্দেশনা দেন এবং সকল শাখাকে আগামী তিন মাসের মধ্যে সকল সূচকে লক্ষমাত্রা অর্জন করার জন্য দৃঢ় প্রত্যয়ী হতে বলেন। সভার সকল শাখা প্রধানদেরকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আতিকুর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
সভাপতি
ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা।

# সোনালী ব্যাংক লিমিটেড

## ৩১-০৮-২০২১ ভিত্তিক ব্যবসা উন্নয়ন ও মতবিনিময় সভা

তারিখ: ২৬-০৯-২০২১

শাখা প্রধান/শাখা ম্যানেজার বৃন্দঃ

| ক্রঃ নং | শাখার নাম | শাখা প্রধান ও ম্যানেজারদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | আমিন বাজার শাখা | জনাব শাহাদাত হোসেন। | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ২ | আশুলিয়া বাজার শাখা | জনাব মোহাম্মদ সাদেক আহমেদ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৩ | বেগম রোকেয়া স্মরণী শাখা | জনাব মনজুর মোরশেদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ৪ | কাস্টম হাউস শাখা | জনাব মোঃ আব্দুল করিম মিয়া | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৫ | ঢাকা ইপিজেড শাখা | মোঃ কোয়েশ আল-মাহমুদ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৬ | ধামরাই শাখা | জনাব কে এম আবুল হোসেন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৭ | হযরত শাহজালাল ইন্টাঃ এয়ার পোর্ট শাখা | জনাব মোঃ শামীম আজাদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ৮ | ইব্রাহীমপুর শাখা | মোঃ রকিবুল হাসান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৯ | কালামপুর শাখা | জনাব মোঃ রফিকুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১০ | কুর্মিটোলা শাখা, ঢাকা। | শাহানাজ বেগম | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ১১ | মিরপুর সেকশন-১ কর্পোরেট গ্রেড-২ শাখা | জনাব মোহাম্মদ নাজমুল হুদা | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ১২ | পল্লবী শাখা | জনাব খালেদ মোহাম্মদ জাহাঙ্গীর | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৩ | মিরপুর শিল্প এলাকা শাখা | জনাব মোহাম্মদ আলমগীর হোসেন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৪ | মিরপুর ক্যান্টনমেন্ট শাখা | জনাব মোঃ রুহুল মামুন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৫ | নয়ার হাট শাখা | জনাব মোহাম্মদ রাশিদুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৬ | নেভাল হেড কোয়ার্টার | জনাব নেহাল আহমেদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ১৭ | পিএটিসি শাখা | জনাব ফনিন্দ্র চন্দ্র | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৮ | সাভার শাখা | জনাব মোঃ জহিরুল ইসলাম | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ১৯ | সাভার ক্যান্টনমেন্ট শাখা | জনাব মোহাম্মদ জিল্লুর রহমান সিদ্দিকী | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ২০ | উত্তরা মডেল টাউন শাখা | জনাব মোঃ মনিরুজ্জামান | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ২১ | উত্তর খান শাখা | জনাবা মাহফিদা বেগম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |


Sonali Bank Limited

সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা ।
ফোন ঃ ৪৮০৪০৪৩০-৪৩৪, ০১৭১৩৩৭৫৮৪৭১
ই-মেইলঃ mirpurpo@sonalibank.com.bd

মুজিব ১০০

"দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা থাকব সবার শীর্ষে"

নং-এসবিএল/পিও-মিরপুর/ ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময়/জুলাই ২০২১/ ৩১৭৪ তারিখঃ ৩১ আগস্ট,২০২১

## " ২৬ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত জুলাই- ২০২১ তারিখ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মত বিনিময় সভার কার্যবিবরণী "

২৬ আগস্ট, ২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকায় সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার সম্মেলন কক্ষে এ অঞ্চলের আওতাধীন ২১ টি শাখার শাখা প্রধানদের সাথে জুলাই-২০২১ তারিখ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার সম্মানিত ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান। প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকার এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজারগন সহ এই কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

২.০০ঃ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এর মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। এরপর সভাপতি মহোদয় এ কার্যলয়ের অধীনে নতুন দায়িত্বপ্রাপ্ত ম্যানেজার ও সদ্য পদন্নোতি প্রাপ্ত এজিএম মহোদয়গনকে ফুলের শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয় উপস্থিত সকল শাখা প্রধানকে স্বাগত জানিয়ে অনুষ্ঠানের কার্যক্রম আরম্ভ করেন।

৩.০০ঃ সভার সভাপতি ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা জুলাই-২০২১ ভিত্তিক ২১ টি শাখার বিভিন্ন খাতে ব্যবসায়িক অর্জন নিয়ে আলোচনা করেন। শাখার শাখা প্রধানদেরকে ২০২১ সালে ব্যবসায়িক সফলতা অর্জনের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে শাখাসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়ঃ

- সকল শাখা প্রধানকে শাখার আমানত, ঋণ ও অগ্রিম, শ্রেণীকৃত ঋণ এবং কাস্টমার সার্ভিস এই চারটি বিষয়ের উপর গুরুত্ব দিয়ে ব্যাংককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা দেন।
- কোন ক্রমেই শাখার শ্রেণীকৃত ঋণ নতুন করে বৃদ্ধি করা যাবে না, সে লক্ষ্যেই ফিল্ড ওয়ার্ক এর মাধ্যমে শাখার সিএল আদায় কার্যক্রম আরো গতিশীল করার জন্য নির্দেশনা প্রদান করেন।
- প্রতিটি শাখাকে কোভিড-১৯ প্রনোদনা প্যাকেজ (২য় পর্যায়-জুলাই-২০২১ থেকে জুন-২০২২) এ বরাদ্দকৃত বাজেট অনুযায়ী সম্পূর্ণ বিতরন করতে নির্দেশনা প্রদান করেন।
- গত ২৯ মে, ২০২১ তারিখে শাখা প্রধানগন শাখার ঋণ ও অগ্রিম খাতে ব্যবসা বৃদ্ধির জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার মহোদয়ের নিকট যে প্রতিশ্রুতিবদ্ধ হন তার অগ্রগতি নিয়ে গভীর অসন্তোষ প্রকাশ করেন এবং সকল শাখা প্রধানকে তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী ঋণ প্রদান করার জন্য সর্বোচ্চ চেষ্টা করতে দিক নির্দেশনা প্রদান করেন।
- আমিন বাজার শাখা ডিসেম্বর/২১ পর্যন্ত ৮ টি এসএমই ঋণের বিপরীতে ৩০.০০ লক্ষ টাকা ঋণ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন । সভাপতি মহোদয় কৃষিঋণ ও আদায়ের পরিমান বৃদ্ধি করতে বলেন।
- আশুলিয়া বাজার শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১০ টি এসএমই ঋণের বিপরীতে ৩০.০০ লক্ষ টাকা ঋণ প্রদানের জন্য এবং সোনালী নীড় প্রদানের প্রতিশ্রুতিবদ্ধ হন।
- বেগম রোকেয়া সরণী শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১০ টি এসএমই ঋণের বিপরীতে ২০০.০০ লক্ষ টাকা ঋণ প্রদানের জন্য এবং ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৮টি সরকারি কর্মচারী গৃহ নির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন। শাখার চালান বৃদ্ধির জন্য এবং সকল গ্রাহককে এটিএম কার্ড প্রদান করতে সভাপতি মহোদয় নির্দেশনা দেন।
- কাস্টম হাউজ শাখাকে এসএমই ঋণ বৃদ্ধির জন্য বলেন এবং শাখার গ্রাহকদের উন্নত মানের সেবা প্রদান করতে বলেন।
- ঢাকা ইপিজেড শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১০ টি এসএমই ঋণের বিপরীতে মোট ৫০.০০ লক্ষ টাকার ঋণ দিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- হযরত শাহজালাল আন্তঃ বিমানবন্দর শাখাকে আমদানি ও রপ্তানি খাতে ব্যবসা বৃদ্ধির জন্য বলেন।
- ইব্রাহিমপুর শাখা ডিসেম্বর/২১ পর্যন্ত ১০ টা এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ এবং ৮ টি সরকারি কর্মচারী গৃহনির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- কালামপুর শাখা ৯ টি এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- কুর্মিটোলা শাখাকে বিনিয়োগ বৃদ্ধির জন্য এবং শাখাটি যাতে সিএল ফ্রি হয় সেই অনুযায়ী কাজ করতে বলেন।
- মিরপুর ক্যান্টনমেন্ট শাখা ডিসেম্বর/২১ পর্যন্ত মোট ১১টি এসএমই ঋণের বিপরীতে ২০৫.০০ লক্ষ টাকা এবং ৫ টি সরকারি কর্মচারী গৃহনির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন। সভাপতি মহোদয় শাখার সকল গ্রাহককে এটিএম কার্ড নেয়ার জন্য উদ্বুদ্ধ করতে বলেন।
- মিরপুর সেকশন-১ শাখাকে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১০ টি এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে এবং ১০ টি সরকারী কর্মচারী গৃহ নির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন। তাছাড়া সভাপতি মহদোয় মিরপুর সেকশন-১ শাখাকে সকল খাতে টার্গেট এর বেশী অর্জন করতে বলেন।
- পল্লবী শাখা ডিসেম্বর /২০২১ পর্যন্ত ১২ টি এসএমই ঋণের বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা এবং ২০টি সরকারী কর্মচারী গৃহনির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- মিরপুর শিল্প এলাকা শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১২ টি এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা এবং ৪ টি সরকারী কর্মচারী গৃহনির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

চলমানা পাতা-০২

সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা ।
ফোন ঃ ৪৮০৪০৪৩০-৪৩৪, ০১৭১৩৭৫৮৪৭১
ই-মেইলঃ mirpurpo@sonalibank.com.bd

"মৃত্যু শপথ মুজিব বর্ষে
আমরা থাকব সবার শীর্ষে"

## " ২৬ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত জুলাই- ২০২১ তারিখ ভিত্তিক ব্যবসা-উন্নয়ন ও মত বিনিময় সভার কার্যবিবরণী "

- বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১২টি এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- নয়ারহাট শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১০ টি এসএমই ঋণের বিপরীতে ৫০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন।
- সাভার শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৫ টি এসএমই ঋণের বিপরীতে ৪০.০০ লক্ষ টাকা এবং ০১ টি সরকারী কর্মচারী গৃহনির্মাণ ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন। তাছাড়া শ্রেণীকৃত ঋণ হতে আদায় বৃদ্ধি এবং সোনালী নীড় ঋণ প্রদানের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা দেন।
- সাভার ক্যান্টনমেন্ট শাখা ডিসেম্বর /২০২১ পর্যন্ত ১২ টি এসএমই ঋণের বিপরীতে ১০০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হন। তাছাড়া সভাপতি মহোদয় রিকনসিলিয়েশন এর কাজ দ্রুততার সাথে করতে বলেন।
- সভাপতি মহোদয় উত্তরা মডেল টাউন শাখাকে শ্রেণীকৃত ঋণ এবং অবলোপনকৃত ঋণ হতে আদায় বৃদ্ধি করতে বলেন। শাখায় যে সমস্ত মামলা রয়েছে সেগুলো সংশ্লিষ্ট আইনজীবীদের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে দ্রুত নিস্পত্তি করার জন্য নির্দেশনা দেন।
- উত্তর খান শাখা ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৫ টি এসএমই ঋণের বিপরীতে ৪০.০০ লক্ষ টাকা ঋণ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।
- যে সকল শাখার অসমন্বতি ভুক্তি রয়েছে সেসব শাখার অসমন্বতি ভুক্তি দ্রুত সমন্বয় করার জন্য প্রধান কার্যালয়ের রিকনশিলেশন ডিভিশন ও প্রিন্সিপাল অফিস মিরপুরের সংশ্লিষ্ট কর্মকার্তাদের সাথে যোগাযোগ করার জন্য এবং লেনদেনের সময় ও সাপ্তাহিক ছুটির দিনে কাজ করার জন্য নির্দেশনা দেন।
- সকল ব্লক হিসাবের ব্যালেন্স মিলানোর জন্য শাখা পর্যায়ে ব্যালেন্সিং টিম গঠন করার নির্দেশনা দেন এবং অল্প সময়ের মধ্যে ব্যালেন্স মিলানোর জন্য বলেন।
- সকল আর্মি পেনশন (পুরাতন) বিল আদায়ের ব্যাপারে সচেষ্ট হতে বলেন।
- শাখা প্রধানদেরকে শাখার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর মেধা, প্রতিভা ও দায়িত্বুবোধকে কাজে লাগানোর জন্য নির্দেশনা দেন।
- প্রতিটি শাখায় জব রোটেশন নিশ্চিত করতে হবে যাতে প্রতিটি ডেস্কে যথাযথ প্রতিস্থাপক তৈরী হয়।
- প্রতিটি শাখার সকল কর্মকর্তাকে গ্রাহক সেবার সর্বোত্তম মান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। কোন ক্রমেই এ ব্যাপারে শৈথল্য প্রদর্শন করা যাবে না এবং এ ব্যাপারে শাখা প্রধানকে বিশেষ নজরদারি করার জন্য বলেন।
- শাখা প্রধানগনকে অফিস পরবর্তী সময়ে ঋণগ্রহীতাদের ব্যবসা প্রতিষ্ঠানে সরাসরি উপস্থিত হয়ে ঋণ আদায় কার্যক্রম তরান্বিত করার নির্দেশনা প্রদান করেন।
- সকল শাখায় যোগদানকৃত তরুণ কর্মকর্তাদেরকে কাজে লাগানোর জন্য বিশেষভাবে বলেন।
- গত বছরের তুলনায় এ বছর আরো এগিয়ে যেতে হবে, পূর্বের অর্জনকে ধরে রেখে সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য আমাদেরকে কঠোর পরিশ্রম করার জন্য বলেন।

পরিশেষে ব্যবসা উন্নয়ন ও মত বিনিময় সভার সভাপতি ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ আতিকুর রহমান সকল শাখা প্রধানকে শাখার নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করে শাখার সকলের ঐকান্তিক প্রচেষ্টায় তা বাস্তবায়নের জন্য নির্দেশনা দেন এবং সকল শাখাকে আগামী তিন মাসে সকল সূচকে লক্ষমাত্রা অর্জন করার নির্দেশনা দিয়ে সভার সকল শাখা প্রধানদেরকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আতিকুর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
সভাপতি
ব্যবসা-উন্নয়ন ও মতবিনিময় সভা
প্রিন্সিপাল অফিস, মিরপুর, ঢাকা।

# সোনালী ব্যাংক লিমিটেড

## প্রিন্সিপাল অফিস, মিরপুর

## ঢাকা।

### ৩১-০৭-২০২১ ভিত্তিক ব্যবসা উন্নয়ন ও মতবিনিময় সভা

তারিখ: ২৬-০৮-২০২১

শাখা প্রধান/শাখা ম্যানেজার বৃন্দঃ

| ক্রঃ নং | শাখার নাম | শাখা প্রধান ও ম্যানেজারদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | আমিন বাজার শাখা | জনাব শাহাদাত হোসেন। | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ২ | আশুলিয়া বাজার শাখা | জনাব মোহাম্মদ সাদেক আহমেদ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | ২৬.০৮.২১ |
| ৩ | বেগম রোকেয়া স্মরণী শাখা | জনাব মনজুর মোরশেদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | 26.08.21 |
| ৪ | কাস্টম হাউস শাখা | জনাব মোঃ আব্দুল করিম মিয়া | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26.08.2021 |
| ৫ | ঢাকা ইপিজেড শাখা | মোঃ কোয়েশ আল-মাহমুদ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26/8/2021 |
| ৬ | ধামরাই শাখা | মোহাম্মদ জিয়াউল হক খান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26.8.21 |
| ৭ | হযরত শাহ্জালাল ইন্টাঃ এয়ার পোর্ট শাখা | জনাব মোঃ শামীম আজাদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ৮ | ইব্রাহীমপুর শাখা | মোঃ রকিবুল হাসান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৯ | কালামপুর শাখা | জনাব মোঃ রফিকুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26.08.21 |
| ১০ | কুর্মিটোলা শাখা, ঢাকা। | শাহানাজ বেগম | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | 26.08.21 |
| ১১ | মিরপুর সেকশন-১ কর্পোরেট গ্রেড-২ শাখা | জনাব মুহাম্মদ নাজমুল হুদা | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | 26/8/21 |
| ১২ | পল্লবী শাখা | জনাব খালেদ মোহাম্মদ জাহাঙ্গীর | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26.08.21 |
| ১৩ | মিরপুর শিল্প এলাকা শাখা | জনাব মোহাম্মদ আলমগীর হোসেন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৪ | মিরপুর ক্যান্টনমেন্ট শাখা | জনাব মোঃ রুহুল মামুন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৫ | নয়ার হাট শাখা | জনাব মোহাম্মদ রাশিদুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ১৬ | নেভাল হেড কোয়ার্টার | জনাব নেহাল আহমেদ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | |
| ১৭ | পিএটিসি শাখা | জনাব ফনিন্দ্র চন্দ্র | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26/08/21 |
| ১৮ | সাভার শাখা | জনাব মোঃ জহিরুল ইসলাম | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | ২৬.০৮.2021 |
| ১৯ | সাভার ক্যান্টনমেন্ট শাখা | জনাব মোহাম্মদ জিল্লুর রহমান সিদ্দিকী | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26/08/2021 |
| ২০ | উত্তরা মডেল টাউন শাখা | জনাব মোঃ মনিরুজ্জামান | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | 26.08.21 |
| ২১ | উত্তর খান শাখা | জনাবা মাহফিদা বেগম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | 26.08.21 |

সোনালী ব্যাংক লিমিটেড

জেনারেল ম্যানেজার'স অফিস

বরিশাল ।

***জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল এর নিয়ন্ত্রনাধীন প্রিন্সিপাল অফিস, বরিশাল ও পটুয়াখালী, আঞ্চলিক কার্যালয়, ভোলা ও পিরোজপুর এবং বরিশাল কর্পোরেট শাখা প্রধানদের সাথে ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা- ২০২১ ।***

*স্থান ঃ জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল।*

*তারিখ ঃ ৩১ আগস্ট, ২০২১, মঙ্গলবার ।*

***সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা ।***

***প্রধান অতিথি ঃ জনাব মোহাম্মদ ইদ্রিছ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।*** (ভার্চুয়ালি সংযুক্ত )

*সভাপতি ঃ জনাব এ.কে.এম সেলিম আহমেদ, জেনারেল ম্যানেজার (ইনচার্জ), সোনালী ব্যাংক লিমিটেড জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল।*

## সভার কার্য বিবরনী ঃ

৩১ আগস্ট, ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশালে জেনারেল ম্যানেজার মহোদয়ের চেম্বারে ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত ব্যবসায়িক মত বিনিময় সভায় সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বরিশাল ও পটুয়াখালী, আঞ্চলিক কার্যালয়, ভোলা ও পিরোজপুর এর অঞ্চল প্রধানগন ও বরিশাল কর্পোরেট শাখা প্রধান উপস্থিত ছিলেন. সভায় সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল এর জেনারেল ম্যানেজার (ইনচার্জ) জনাব এ.কে.এম, সেলিম আহমেদ।

পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সভার সভাপতি ও জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল এর জেনারেল ম্যানেজার (ইনচার্জ) জনাব এ.কে.এম, সেলিম আহমেদ।

***সভাপতি মহোদয় এর স্বাগত বক্তব্যঃ***

সোনালী ব্যাংক লিমিটেড, ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভায় ভার্চুয়ালি সংযুক্ত প্রধান অতিথি সোনালী ব্যাংক লিমিটেড এর সম্মানিত ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ ইদ্রিছ স্যার এবং প্রিয় সহকর্মীবৃন্দ। শরৎ এর এই শুভ্র সকালে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

প্রিয় সহকর্মীবৃন্দ, অনেক সফলতা আর কিছু ব্যর্থতার যুগল বন্ধে গলাগলি করে ঐকান্তিক ইচ্ছা থাকা সত্বেও সময় স্বল্পতা আর Covid-19 প্রাদূর্ভাব সত্ত্বেও বছরের মধ্যভাগে আনুপাতিক সকল সূচকে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন সম্ভব হয়নি। আপনারা অক্লান্ত পরিশ্রম করে সোনালী ব্যাংক, বরিশালের ইতিহাসে যে সাফল্যের তিলক এঁকেছেন তার জন্য সকলের কাছে আমি কৃতজ্ঞ।

আপনারা জানেন, কোভিড পেনডেমিক পরিস্থিতিতে বারবার লকডাউনের কবলে পড়ে, ব্যবসা বানিজ্য, কলকারখানা বন্ধ হয়ে বিপুল সংখ্যক মানুষ কর্মহীন হয়ে পড়েছে, অচল হয়ে পড়ে অর্থনীতির চাকা।

এ বছর আমাদের মাতৃসম ব্যাংকের শ্লোগান হচ্ছে "দীপ্ত শপথ মুজিব বর্ষে, আমরা থাকবো সবার শীর্ষে"। সোনালী ব্যাংক লিমিটেড এর সুযোগ্য কর্ণধার আমাদের প্রানপ্রিয় সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ আতাউর রহমান প্রধান স্যার, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যারসহ প্রধান কার্যালয়ের সকল শীর্ষ নির্বাহীবৃন্দের সার্বিক দিক নির্দেশনা ও সুনিপুন কর্মপরিকল্পনায় কোভিড ক্রান্তিকালীন সময়ে ব্যাংকিং সেবা নিয়ে সাধারণ মানুষের পাশে দাড়িয়েছে এ ব্যাংক। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রনোদনা প্যাকেজের সিংহভাগ বাস্তবায়নসহ বিগত বছর রেকর্ড পরিমান মুনাফা অর্জন করেছে এ ব্যাংক। যার সবটুকু কৃতিত্বই মাননীয় সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয়সহ সকল নির্বাহী ও কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ করে মাঠের সকল বীর সেনানীদের । শীর্ষে যাবার তীব্র আকাঙ্খায় সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল অঞ্চলও অগ্রণী ভূমিকা পালন করেছে. আমরা প্রমাণ করেছি আমরা পেরেছি, পারি এবং ভবিষ্যতেও পারব। লকডাউনজনিত কারণে ব্যাংকিং কার্যক্রম সীমিত ছিল। মাননীয় সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয়ের নির্দেশনায় Day-১ থেকেই "স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে, আমরা যাবো আবারো শীর্ষে " এই নবমন্ত্রে দীক্ষিত হয়ে আবারো রণাঙ্গনে আমরা। করোনা মহামারীকারীন সময়ে অনেক সূচকে আমরা এগিয়েছি যেমন- শ্রেণিকৃত ঋণ, অবলোপনকৃত ঋণ হতে আদায়, SBG অসমন্বিত ভূক্তি সমন্বয়, সিএমএসএমই ঋণ বিতরণ, বিশেষ করে প্রতি শাখায় প্রতি মাসে একজন নতুন উদ্যোক্তা প্রকল্পের আওতায় প্রতিটি শাখাই বিগত ৮ মাসে অন্যুন ০৮ টি করে ঋণ প্রদান করেছে পাশাপাশি গড়ে আমরা প্রতিটি শাখায় ১২ টি করে ঋণ ইতোমধ্যে বিতরণ করেছি। এছাড়া বিগত ২০২০-২১ অর্থ বছরে কৃষি ও পল্লী ঋণ নীতিমালার ও কর্মসূচীর আওতায় SACP খাতে লক্ষ্যমাত্রার ৯২% ঋণ বিতরণ করা হয়েছে, যা বরিশাল বিভাগের ইতিহাসে এক মাইলফলক হয়ে থাকবে, যা বিগত অর্থবছরে ছিল মাত্র ৪২%। ইতোপূর্বে কখনোই এ মাত্রার অর্জন করা সম্ভব হয় নি। এই অভূতপূর্ব সাফল্যের জন্য জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয় সকল অঞ্চল প্রধানগনদের শুভেচ্ছা জানান ।

চলমান পাতা /২

এছাড়া তিনি আরও বলেন আমরা কৃষি খতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম (চলতি মূলধন) লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করেছি। এছাড়াও আগস্ট মাসেই ডিপোজিটে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের কাছাকাছি পৌঁছে যেতে সক্ষম হয়েছি, তিনি হাই কস্ট ডিপোজিট পরিহার করে লো কস্ট ডিপোজিট আরোহনের গুরুত্বারোপ করেন। তিনি প্রতি শাখায় গ্রাহকদের সঞ্চয়পত্র খুলতে উৎসাহ দিতে বলেন। তিনি আরো বলেন ইতোমধ্যে আমরা ঋণ ও অগ্রীমে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করেছি। আমাদের AD Ratio অনেক কম, তিনি এ প্রসঙ্গে মাননীয় সিইও এন্ড এমডি মহোদয়ের ২৬ আগস্ট, ২০২১ তারিখের SMT মিটিং এ দেয়া বক্তব্যের কথা উল্লেখ করেন যে, বরিশালে ডিপোজিট ঢাকায় নিয়ে বিনিয়োগ করা যাবে না। যে বিভাগের ডিপোজিট সে বিভাগেই বিনিয়োগ করতে হবে। তিনি বলেন তিনি দায়িত্ব নেয়ার পর বরিশাল বিভাগের AD Ratio ছিল ৩৬ % যা আজ ৪১ % এ উন্নীত হয়েছে। সিএমএসএমই - ১ বাস্তবায়নে আমরা শতভাগ সফল হয়েছি কিন্তু সিএমএসএমই- ২ বিতরণে আমরা এ পর্যন্ত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারি নি। তিনি এ প্রণোদনা প্যাকেজ প্রতি মাসে আনুপাতিক লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জনের লক্ষ্যে নির্দেশনা প্রদান করেন। তিনি শ্রেণিকৃত ঋণের হার ৯% হতে ৫.৯২% এ কমিয়ে আনার জন্য তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ প্রসঙ্গে জুন -২০২১ ভিত্তিক শ্রেণিকৃত ঋণ আদায় সংক্রান্ত লোন রিকভারী ডিভিশন কর্তৃক প্রেরিত শ্রেণিকৃত ঋণ আদায়ের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন পর্যালোচনা করে তিনি জানান যে, সকল জিএম অফিসের মধ্যে জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল আদায়ের শতকরা হারে ১ম স্থান (৫৪.১৪%) অধিকার করেছে। তিনি বলেন এ সাফল্য আপনাদের, সকলের সম্মিলিত প্রচেষ্টায় অর্জিত হয়েছে। অন্যদিকে টাকার অংকের পরিমানে প্রিন্সিপাল অফিস পর্যায়ে পটুয়াখালী ১ম স্থান (৩৬.০৬ কোটি) এবং আঞ্চলিক কার্যালয়, ভোলা ৬ষ্ঠ স্থান (৩.৯২ কোটি) অর্জন করায় সংশ্লিষ্ট পিও/আরও প্রধান সহ সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শতকরা হারে প্রিন্সিপাল অফিস পর্যায়ে বরিশাল ৪র্থ স্থান (৫১.৭৯%), আঞ্চলিক কার্যালয় পর্যায়ে পিরোজপুর ২য় স্থান (৪৮.৮০%) অর্জন করায় সংশ্লিষ্ট পিও/আরও প্রধান সহ সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া অবলোপনকৃত ঋণ থেকে আদায়ে জেনারেল ম্যানেজার'স অফিস,বরিশালে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি (১০৭%) অর্জিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বিশেষ করে বরিশাল কর্পোরেট শাখা,বরিশাল আশির দশকের অবলোপনকৃত অনড় ঋণ হতে ০.৬৭ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ২.৩১ কোটি টাকা আদায় করেন যা তাদের লক্ষ্যমাত্রার ৩৪৪ গুন। বরিশাল কর্পোরেট শাখার এ অর্জনে সামগ্রিকভাবে বরিশাল অঞ্চল অবলোপনকৃত ঋণ আদায়ের সূচক বৃদ্ধি পেয়েছে, যা জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল কর্তৃক প্রদেয় লক্ষমাত্রার ১০৭%। তাদের এ অর্জনে বরিশাল কর্পোরেট শাখার সম্মানিত এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজারসহ টিম বরিশাল কর্পোরেটকে মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয় ভূয়সি প্রশংসা করেন। এছাড়াও আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর আশির দশকের অনড় অবলোপনকৃত ঋণ হতে আদায়ে আশানরুপ সাফল্য অর্জন করায় তাদেরকেও ধন্যবাদ জ্ঞাপন করেন। শ্রেণিকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায়ের এ ধারা ডিসেম্বর -২০২১ পর্যন্ত অব্যাহত রাখতে হবে। তিনি তার স্বাগত বক্তব্যে বছরের বাকী সময়ে আমাদের করণীয় সম্মন্ধে নিম্নোক্ত দিক নির্দেশনা প্রদান করেনঃ-

- অক্টোবর - ২০২১ এর মধ্যে লোকসানী সকল শাখাকে লাভজনক শাখায় পরিনত করতে হবে এবং প্রিন্সিপাল অফিস পর্যায়ে লস রিভিউ কমিটি গঠন করতে হবে।
- CMSME এর ২য় পর্যায় এ বিতরণ বাড়াতে হবে এবং আনুপাতিক হারে বিতরণের মাধ্যমে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জন করার দিকে সচেষ্ট হতে হবে।
- AD Ratio অনেক কম, AD Ratio অন্যূণ ৬০% এ উন্নীত করতে হবে।
- দেশের খাদ্য উৎপাদন ও গ্রামীন অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধির জন্য SACP এবং মাইক্রোক্রেডিট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।
- নিয়মিত KYC ও TP হালনাগাদ করতে হবে। Legacy হিসাব সমূহের KYC হালনাগাদকরণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।
- টেস্ট ও শর্ট পরিদর্শন রিপোর্ট যথাযথভাবে সময় ও যথানিয়মে করতে হবে।
- সাধারণ গৃহ নির্মান ঋণ, সরকারী কর্মকর্তা/কর্মচারী ও বিশ্ববিদ্যালয় কর্মকর্তা/কর্মচারীদের জন্য সরকারী গৃহ নির্মাণ ঋণ বিতরণে তৎপর হতে হবে।
- ফরেন রেমিট্যান্স টার্গেটের শতভাগ অর্জনে সচেষ্ট হতে হবে।
- দ্রুত প্রটেস্টেড বিলসমূহ সমন্বয়ে পদক্ষেপ গ্রহন করতে হবে।
- অনিষ্পন্ন ব্যালেন্স দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।
- সমস্ত মামলা ল-স্যুট ম্যানেজমেন্ট সফট্যওয়ারে এন্ট্রি দিতে হবে। ইতোমধ্যে সমন্বিত ঋণ হিসাবের মামলা প্রত্যাহারে ব্যবস্থা করতে হবে।
- ইসলামী ব্যাংকিং এ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।
- দ্রুত মামলা নিষ্পত্তির জন্য শাখা ও পিও/আরও পর্যায়ে যথাযথ পদক্ষেপ ও তদারকি অব্যাহত রাখতে হবে।

তিনি পরম করুনাময় আল্লাহ্‌র নিকট ধন্যবাদ জ্ঞাপন করেন যে, বছরের মধ্যভাগেই আমরা প্রায় সকল সূচকে আনুপাতিক হারে শতভাগ সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছি।পরিশেষে শত ব্যস্ততার মাঝেও আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মহোদয় জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার ভার্চুয়ালী সংযুক্ত থেকে ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভাকে সমৃদ্ধ ও সাফল্যমন্ডিত করায় প্রধান অতিথি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

<u>প্রধান অতিথি মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মহোদয়ের বক্তব্যঃ</u>

মত বিনিময় সভার প্রধান অতিথি প্রধান কার্যালয়ের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার তার বক্তব্যে বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভায় উপস্থিত এ ব্যাংকের জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়, অঞ্চল প্রধানগন এবং কর্পোরেট শাখা প্রধানকে শুভেচ্ছা জানান। তিনি বরিশাল অঞ্চলের শ্রেণিকৃত ঋণের হার ৯% থেকে ৫.৯২% কমিয়ে আনতে সক্ষম হওয়ার জন্য জিএম মহোদয় সহ সকল অঞ্চল প্রধানগনগনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও অবলোপনকৃত ঋণ আদায়ে সফলতার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি মুনাফা যাতে টার্গেটের শতভাগ অর্জিত হয় সে ব্যাপারে সকলকে প্রচেষ্টা চালাতে বলেন যাতে লক্ষ্যমাত্রার শতভাগ পুরন করা যায়। তিনি এ অঞ্চলের লোকসানী শাখাগুলোর নাম জানতে চান, শাখাগুলোর লোকসানের পরিমান পর্যালোচনা করেন এবং লোকসানী শাখগুলো লোকাসান কাটিয়ে যাতে মুনাফা অর্জন করতে পারে সে ব্যাপারে ''লস শাখা রিকভারী কমিটির'' কার্যক্রম আরও গতিশীল করতে বলেন, যাতে অক্টোবর -২০২১ নাগাদ লোকসান কাটিয়ে সকল শাখাকেই লাভজনক শাখায় পরিনত হয় সে ব্যাপারে জিএম মহোদয়কে পদক্ষেপ গ্রহন করতে বলেন। তিনি মাইক্রোক্রেডিট ও এসএমই খাতকে সর্বোচ্চ গুরুত্বারোপ করে এ দুটি খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে বলেন। সরকার তথা দেশের দারিদ্রতা দূরীকরণের অন্যতম হাতিয়ার হলো এসএমই ও মাইক্রোক্রেডিট। তিনি মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের শতভাগ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সিএমএসএমই ছাড়াও কৃষি খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ অর্জন করায় বরিশাল অঞ্চলকে ধন্যবাদ জানান। তাছাড়াও তিনি সাধারণ গৃহ নির্মান ঋণ, সরকারী কর্মকর্তা/কর্মচারী ও বিশ্ববিদ্যালয় সম্মানিত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ বিতরণে সর্বোচ্চ গুরুত্বারোপ করেন। তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ বিতরণের অগ্রগতি জানতে চান এবং এ প্রসঙ্গে দ্রুত পদক্ষেপ গ্রহন করতে বলেন। এছাড়াও বরিশাল শিক্ষা বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সরকারী কর্মচারীদের গৃহনির্মাণ ঋণের আওতায় আনা যায় কি না ? সে ব্যাপারেও উদ্যোগ গ্রহন করতে বলেন। তিনি ডেবিট কার্ড বিতরণে বিশেষ করে এ অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারী যাতে ডেবিট কার্ড গ্রহন করে সে ব্যাপারে উদ্যোগ গ্রহন করতে বলেন। তিনি বরিশাল বিভাগের ৬ টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে এটিএম বুথ বসানোর অগ্রগতি বিষয়ক তথ্য জানতে চান চান, এ ব্যাপারে অগ্রগতির তথ্য তাকে পত্রের মাধ্যমে অবহিত করতে বলেন। এছাড়া বরিশাল শহরের আর কোন স্থানে এটিএম বুথ স্থাপন প্রয়োজন কী না সে ব্যাপারে জানাতে বলেন। তিনি কাস্টমার সার্ভিস প্রসঙ্গ উল্লেখ করে বলেন, দেশে অনেক ব্যাংক থাকায় আমাদের গ্রাহক সেবার মানোন্নয়নের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জন সাপেক্ষে আমাদেরকে গ্রাহক ধরে রাখতে হবে। তিনি আরো বলেন যে, গ্রাহক সেবার মান উন্নয়ন হলে সকল ব্যবসায়িক সূচকে উন্নয়ন হবে। যখন সবাই বলবে যে, সোনালী ব্যাংকের সার্ভিস ভাল তখনই আসলে ব্যাংকের প্রকৃত উন্নতি হবে বলে তিনি ব্যক্তিগতভাবে বিশ্বাস করেন। তিনি ফরেন রেমিট্যান্স আহরনের অর্জনকে আরও সংহত করার জন্য সকলকে সচেষ্ট হতে বলেন। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা কর্তৃক উদ্বোধনকৃত "ব্রেক" সফটাওয়ারের ব্যাপক প্রচারের জন্য উদ্যোগ গ্রহন করতে বলেন। তিনি বলেন দেশের ৩৫ টি ব্যাংক সোনালী ব্যাংকের মাধ্যম ব্রেক্স সফট্যওয়ার ব্যবহার করে ৫ সেকেন্ড পৃথিবীর যে কোন প্রান্ত থেকে রেমিট্যান্স আরোহনের সুবিধা পাবে। ব্রেক্স সহ অন্যান্য সফটাওয়ার ব্যবহার ও আপনাদের কর্মতৎপরতায় যার আমাদের ফরেন রেমিট্যান্স আহরণে হারানো ঐতিহ্য আবার ফিরে পেতে সক্ষম হবো বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি CIB তে রিপোর্টকরণের বাপারে গুরুত্বারোপ করেন, ঋণের ব্যাপারে CIB অনেক গুরুত্বপূর্ন মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি যথাযথ ও সঠিক ভাবে CIB রিপোর্টকরণের উপর গুরুত্বারোপ করেন। মানিলন্ডারিং প্রতিরোধে সকল করণীয় সম্পর্কে বিশেষ নজর দেয়ার নির্দেশনা প্রদান করেন, যাতে আমাদের দেশের টাকা অবৈধ উপায়ে দেশের বাইরে যেতে না পারে। এছাড়াও KYC ও TP হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও শাখা পর্যায়ে BAMEI CO কর্তৃক শাখার সকলকে নিয়ে মিটিং, CTR, STR, BIFU সার্কুলার সংক্রান্ত ফাইল শাখায় যাতে সঠিকভাবে সংরক্ষন করা হয় সে ব্যাপারে জিএম মহোদয়কে বিশেষ গুরুত্বারোপ করতে বলেন। তিনি বলেন সোনালী ব্যাংক আমাদের মাতৃসম প্রতিষ্ঠান এ ব্যাংকের স্বার্থ সবসময় যাতে সংরক্ষিত হয়, সে ব্যাপারে সবাইকে সচেষ্ট হবার পরামর্শ দেন। তিনি সার্টিফিকেট মামলা নিস্পত্তির ব্যাপারে গুরুত্বারোপ করেনতিনি সার্টিফিকেট মামলাগুলো Aging List করতে বলেন যাতে মামলার বর্তমান অবস্থা সম্পর্কে সম্যক ধারনা লাভ করা যায়।। বিশেষ করে ডিসি মহোদয়ের সাথে আলাপ করে টিএনও মহোদয়ের সাথে যোগাযোগ করে সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিস্পত্তির ব্যাপারে প্রচেষ্টা গ্রহন করতে হবে। তিনি বলেন, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়ের নেতৃত্বে এবং তার দিক নির্দেশনায় বরিশাল অঞ্চলের ব্যবসায়িক অগ্রগতি এগিয়ে যাবে। তিনি এ রকম একটি অনুষ্ঠান আয়োজন করার জন্য এবং ভার্চুয়ালি তাকে সংযুক্ত করার জন্য জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়কে ধন্যবাদ জানান। পাশাপাশি আগামীতে বরিশাল অঞ্চল তাদের অর্জন সুসংহত রাখতে পারবে বলে অভিমত ব্যক্ত করেন। সবাইকে পুনরায় ধন্যবাদ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

***<u>প্রধান অতিথি মহোদয় নিম্নোক্ত দিক নির্দেশনা প্রদান করেনঃ</u>***

- CIB রিপোর্টিং সঠিক ও নির্ভূলভাবে করতে হবে, যাতে বাংক ও গ্রাহকের স্বার্থ রক্ষিত হয়।
- অক্টোবর -২০২১ এর মধ্যে সকল লোকসানী সকল শাখা লাভজনক শাখায় পরিনত করতে হবে। ।
- নিয়মিত KYC ও TP হালনাগাদ করতে হবে। Legacy হিসাবের KYC হালনাগাদকরণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।
- শাখা পর্যায়ে ত্রৈমাসিক ভিত্তিতে BAMELCO মিটিং করতে হবে এবং CTR, STR, BIFU সার্কুলার সংক্রান্ত ফাইল শাখায় যথাযথভাবে সংরক্ষন করতে হবে।
- Self Assesment, Stress testing রিপোর্টিং সঠিক ও নির্ভূলভাবে করতে হবে।

চলমান পাতা -৪

অঞ্চল প্রধানদের বক্তব্যঃ

বরিশাল কর্পোরেট শাখা প্রধানের বক্তব্যঃ

বরিশাল কর্পোরেট শাখার এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরদার সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভায় ভার্চুয়ালি সংযুক্ত থেকে সোনালী ব্যাংকে লিমিটেডের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিস স্যার, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়সহ সকল অঞ্চল প্রধানগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। সকলের সম্মিলিত প্রচেষ্টায় বছরের মধ্যভাগে প্রায় সকল সূচকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কিছু ক্ষেত্রে হয়ত আমরা আশানুরুপ সাফল্য অর্জন করতে পারিনি। তিনি আরও বলেন রাইট অফ ঋণ আদায়ের ক্ষেত্রে আশানুরুপ সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে পাশাপাশি এ বছর অসমম্বিত ১০৫ টি এসবিজি ভূক্তি সমম্বয় হয়েছে, সান্ড্রি ডিপোজিট ভুক্তি বহুলাংশে হ্রাস পেয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ, কৃষি খাতে পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ বিতরণ করা হয়েছে। তিনি আরও বলেন ২০২১ সালের স্লোগান "দীপ্ত শপথ মুজিব বর্ষে, আমরা থাকবো সবার শীর্ষে"এই মন্ত্রে দীক্ষিত হয়ে আমরা আরও এগিয়ে যাবো বলে আমরা বিশ্বাস করি।

আঞ্চলিক কার্যালয়, ভোলাঃ

আঞ্চলিক কার্যালয়, ভোলা এর এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব আবুল কালাম আজাদ সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভায় ভার্চুয়ালি সংযুক্ত সোনালী ব্যাংকে লিমিটেডের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়সহ সকল অঞ্চল প্রধানগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি তার অর্জনের ক্ষেত্রে ভোলা অঞ্চলের সকল শাখা ম্যানেজার ও সহকর্মীদের ধন্যবাদ জানান। শ্রেণিকৃত ঋণ মুক্ত ০১ টি শাখা, ২০২১ সালে অসমম্বিত ১১৩ টি এসবিজি ভূক্তি সমম্বয় হয়েছে। লালমোহন শাখায় বিআরডিবি এর ঋণের আওতায় অনেক শ্রেণিকৃত ঋণ আদায় হয়েছে। ভবিষ্যতে শ্রেণীকৃত ঋণের পরিমান আরও কমিয়ে আনতে সচেষ্ট থাকবেন বলে তিনি তার বক্তব্যে বলেন। আঞ্চলিক কার্যালয়, ভোলা মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ কৃষি খাতে পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ বিতরণ করা হয়েছে।

আঞ্চলিক কার্যালয়, পিরোজপুরঃ

আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর এর এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব বিভাষ চন্দ্র হাওলাদার সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা এ ভার্চুয়ালি সংযুক্ত সোনালী ব্যাংকে লিমিটেডের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়সহ সকল অঞ্চল প্রধানগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি তার অর্জনের ক্ষেত্রে পিরোজপুর অঞ্চলের সকল শাখা ম্যানেজার ও সহকর্মীদের ধন্যবাদ জানান। পিরোজপুর অঞ্চল আশির দশকের রাইট অফ ঋণ আদায় করে ২টি ঋণ সমম্বয় করতে সক্ষম হয়েছে। ২০২১ সালে অসমম্বিত ১৮০ টি এসবিজি ভূক্তি সমম্বয় হয়েছে। তিনি আরও বলেন এ অঞ্চলের শ্রেণিকৃত ঋণের মধ্যে স্বনির্ভর ও বিআরডিবি ঋণ ৪০% ও কৃষি ঋণ ৬০%। ভবিষ্যতে শ্রেণিকৃত ঋণের পরিমান আরও কমিয়ে আনতে সচেষ্ট থাকবেন বলে তিনি তার বক্তব্যে বলেন। আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ কৃষি খাতে পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ বিতরণ করা হয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমাদের প্রায় সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

প্রিন্সিপাল অফিস, পটুয়াখালীঃ

প্রিন্সিপাল অফিস, পটুয়াখালীর ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ) জনাব মোঃ শাহ্ আলম বলেন, সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা এ ভার্চুয়ালি সংযুক্ত সোনালী ব্যাংকে লিমিটেডের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়সহ সকল অঞ্চল প্রধানগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি তার অর্জনের ক্ষেত্রে পটুয়াখালী অঞ্চলের সকল শাখা ম্যানেজার ও সহকর্মীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, পটুয়াখালী অঞ্চল ৩০.০৬.২০২১ তারিখ ভিত্তিক শ্রেনিকৃত ঋণ আদায়ে সকল প্রিন্সিপাল অফিসের মধ্যে প্রথম (টাকার পরিমানে) হয়েছে। ২০২১ সাল প্রিন্সিপাল অফিস, পটুয়াখালী মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ কৃষি খাতে পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ বিতরণ করা হয়েছে। এছাড়া শ্রেণীকৃত ঋণের হার ৯% এ নামিয়ে আনা সম্ভব হয়েছে, ২০২১ সালে অসমম্বিত ৬৭২ টি এসবিজি ভূক্তি সমম্বয় হয়েছে। এ অঞ্চলের ৩ টি লোকসানী শাখা রয়েছে, যা আগামী অক্টোবর -২০২১ নাগাদ লোকসান কাটিয়ে মুনাফাবাহী শাখায় পরিনত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

প্রিন্সিপাল অফিস, বরিশালঃ

সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বরিশালের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব আবু বকর সিদ্দিক স্যারের অনুপস্থিতিজনিত কারনে এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব মাহাবুবুল আলম, বরিশাল বিভাগীয় ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা এ ভার্চুয়ালি সংযুক্ত সোনালী ব্যাংকে লিমিটেডের মাননীয় ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ ইদ্রিছ স্যার, জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়সহ সকল অঞ্চল প্রধানগনকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি তাদের অঞ্চলের ২০২১ সালে অর্জিত ব্যবসায়িক অবস্থা উপস্থাপন করেন। প্রিন্সিপাল অফিস, বরিশাল মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ কৃষি খাতে পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় চলতি মূলধন খাতে বরাদ্দের শতভাগ বিতরণ করেছে। এছাড়া শ্রেণীকৃত ঋণের হার ১০% থেকে ৩.৭৪ % এ নামিয়ে আনা সম্ভব হয়েছে। ফলে রেমিট্যান্সে আশানুরুপ অগ্রগতি হয়েছে। ২০২১ সালে অসমম্বিত ৪৫৮টি এসবিজি ভূক্তি সমম্বয় হয়েছে। প্রিন্সিপাল অফিস, বরিশালের ৮৯ টি মামলা নিস্পত্তি হয়েছে। তিনি বলেন জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়ের নেতৃত্বে ও নির্দেশনায় সকল শাখা আজ পরিস্কার পরিচ্ছন্ন, ব্যবসাবান্ধব, কর্মীবান্ধব ও গ্রাহকবান্ধব পরিবেশ বিরাজ করছে। এ অঞ্চলের ১ টি শাখা লোকসানী রয়েছে যা আগামী অক্টোবর -২০২১ নাগাদ লোকসান কাটিয়ে মুনাফাবাহী শাখায় পরিনত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

## সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণঃ

- জুন ৩০, ২০২১ ভিত্তিক শ্রেণীকৃত ঋণ আদায়ে টাকার অংকের পরিমানে বাংলাদেশের মধ্যে সকল প্রিন্সিপাল অফিস পর্যায়ে পটুয়াখালী ১ম স্থান (৩৬.০৬ কোটি) অর্জন করায় প্রিন্সিপাল অফিস, পটুয়াখালীর ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ) জনাব মোঃ শাহ্ আলম কে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মাননা প্রদান করেন মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়।
- আঞ্চলিক কার্যালয়, ভোলা ৬ষ্ঠ স্থান (৩.৯২ কোটি) অর্জন করায় আঞ্চলিক কার্যালয়, ভোলা এর এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব আবুল কালাম আজাদ কে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মাননা প্রদান করেন মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়।
- শ্রেণীকৃত ঋণ আদায়ে শতকরা হারে প্রিন্সিপাল অফিস পর্যায়ে বরিশাল ৪র্থ স্থান (৫১.৭৯%) অর্জন করায় প্রিন্সিপাল অফিস,বরিশালের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব আবু বকর সিদ্দিকের অনুপস্থিতিতে তার পক্ষে জনাব মাহাবুবুল আলম, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয় এর নিকট থেকে ক্রেস্ট ও সার্টিফিকেট গ্রহন করেন।
- আঞ্চলিক কার্যালয় পর্যায়ে শ্রেণীকৃত ঋণ আদায়ে শতকরা হারে পিরোজপুর ২য় স্থান (৪৮.৮০%) অর্জন করায় আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর এর এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব বিভাষ চন্দ্র হাওলাদার কে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মাননা প্রদান করেন মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়।
- বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল আশির দশকের অবলোপনকৃত অনড় ঋণ হতে অসামন্য সাফল্যের স্বীকৃতি স্বরুপ এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরদার কে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মাননা প্রদান করেন মাননীয় জেনারেল ম্যানেজার (ইনচার্জ) মহোদয়।

*সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য ঃ*

প্রধান কার্যালয় থেকে ভার্চুয়ালি সংযুক্ত প্রধান অতিথি মহোদয়ের দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য তাকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় তার সমাপনী বক্তব্যে বলেন, সকলের ঐকান্তিক সম্মিলিত প্রচেষ্টায় বরিশাল অঞ্চলের আজকের এ অর্জন। সবাই একযোগে চেষ্টা না করলে হয়ত আজকের এ অর্জন সম্ভব হত না। তিনি বলেন আমরা যদি একযোগে কাজ করতে পারি তাহলে ভবিষ্যতেও আমরা আমাদের অর্জণ সুসংহত করতে পারবো। পরিশেষে ২০২১ সালের বাকি সময়টুকু নতুন উদ্যমে ব্যাংক স্বার্থে কাজে মনোনিবেশ করার জন্য সকল পিও/আরও প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানকে আহবান ও সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

(এ.কে.এম সেলিম আহমেদ)
জেনারেল ম্যানেজার (ইনচার্জ)।
ও
সভাপতি
ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা।

C:\Users\42059\Desktop\QUARTERLY MONEY LAUNDARING RESULATION

সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস,বরিশাল।

ফোনঃ ০৪৩১-৬৬৬৬০,৬৪৬৮১,২১৭৭৩২৫,
ফ্যাক্স : ০৪৩১-৬৩০৭৮
ইমেইলঃgmbarisal@sonalibank.com.bd

## জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল এর নিয়ন্ত্রনাধীন পিও/আরও/কর্পোরেট শাখা প্রধানদের সাথে ব্যবসায়িক অগ্রগতি বিষয়ক মত বিনিময় সভায় উপস্থিত নির্বাহী/কর্মকর্তাবৃন্দের হাজিরা সীটঃ

তারিখঃ ৩১.০৮.২০২১

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | মো: জাহাঙ্গীর আলম মন্ডল | AG.M | [illegible] |
| ৩. | বিরেশ চন্দ্র হাওলাদার | এ.জি.এম | [illegible] |
| ৪. | মোঃ আবু আসাদ | ডি জিএম (চলতি) | [illegible] 31.8.21 |
| ৫. | [illegible] | [illegible] | [illegible] |
| ৬. | [illegible] | [illegible] | [illegible] |
| ৭. | মাহবুবুল আলম | এজিএম | [illegible] ৩১/০৮/২১ |
| ৮. | মো: নুরুল হুদা হাওলাদার | " | [illegible] ৩১/৮/২১ |
| ৯. | সেলিম হায়দার | এজিএম | [illegible] ৩১/৮/২১ |
| ১০. | মো: কাজী লাবিব হক | এসপিও | [illegible] ৩১/৮/২১ |
| ১১. | দেবাশীষ কুন্ডু | এসপিও | [illegible] 31.08.2021 |
| ১২. | মোসা: কুলসুম বেগম | " | [illegible] ৩১/৮/২১ |
| ১৩. | মো: আমিনুল ইসলাম | SPO | [illegible] 31.08.21 |
| ১৪. | মো: মেহেদী হাসান | SO(IT) | [illegible] 31.08.21 |
| ১৫. | আব্দুল্লাহ আল মামুন মুহিন | SO | [illegible] 31.08.21 |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |
| ২১. | | | |
| ২২. | | | |
| ২৩. | | | |
| ২৪. | | | |
| ২৫. | | | |